শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিববর্ষেই
নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন

মুজিব শতবর্ষ MUJIB 100

বিদ্যুৎ সরবরাহ
সেচ কার্যক্রম-২০২১



মুজিববর্ষ-বিদ্যুৎ বিভাগের সেবা বর্ষ

বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

সরকারি কর্মচারীদের প্রতি আমার নির্দেশ দায়িত্ব পালনে
আরো মন দিন, প্রশাসন থেকে দূর্নীতি দূর করুন।
-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাতটি জেলা ও ২৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন এবং ফেনী ১১৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র এর শুভ উদ্বোধন।

মানুষের জন্য প্রশাসন, প্রশাসনের জন্য মানুষ নয়।
-প্রধানমন্ত্রী শেখ হাসিনা

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন



বিদ্যুৎ সরবরাহ

সেচ কার্যক্রম-২০২১

মুজিববর্ষ বিদ্যুৎ বিভাগের সেবা বর্ষ

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১০টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন।



বিদ্যুৎ বিভাগের সচিব জনাব মোঃ হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার খণ্ডচিত্র।

সূচিপত্র

ভূমিকা	০৪-০৫
আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের প্রভাব	০৬-০৭
সেচ কাজে জনপ্রিয় ওয়েট এন্ড ড্রাই (AWD) পদ্ধতির সংক্ষিপ্ত ধারণা	০৮
কৃষিতে সরকারের নির্দেশনা	০৯
সরকারের নির্দেশনার আলোকে সেচ মৌসুমে বিতরণ সংস্থসমূহের করণীয়	০৯
সেচ মৌসুমে কৃষক ভাইদের করণীয়	১০
সংস্থাভিত্তিক ও অঞ্চলভিত্তিক সেচ পাম্পের বিস্তারিত তথ্য	১১
আসন্ন সেচ মৌসুমে (২০২১) বিদ্যুতের চাহিদা	১২
বিদ্যুৎ উৎপাদনের অবস্থা	১৩
সার্বিক বিদ্যুৎ চাহিদা ও উৎপাদন পরিস্থিতি	১৪-১৬
২০২১ সালে সেচকার্যে সম্ভাব্য বিদ্যুৎ চাহিদা ও উৎপাদনের গ্রাফ চিত্র	১৭-১৮
লোড বন্টন ও সেচের জন্য বিদ্যুতের মান	১৯
সেচ মৌসুমে লোড ম্যানেজমেন্ট	২০-২১
সেচ পাম্পে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সংস্থাসমূহের করণীয়	২১-২২
গ্রীড ভিত্তিক লোড রেশিও নির্ধারণ	২৩-২৮
উৎপাদন পূর্বাভাস সংরক্ষণ সিডিউল	২৯-৩৪
উৎপাদন অনুসারে অঞ্চল ভিত্তিক লোড বন্টন চার্ট (দিবা, সান্ধ্য ও সেচ)	৩৫-৩৮
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (দিবা পিক)	৩৯-৪৫
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (সান্ধ্য পিক)	৪৬-৫২
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (সেচ পিক)	৫৩-৬১
সেচ মৌসুমে বিদ্যুৎ ব্যবস্থাপনা মনিটরিং কমিটিসমূহ	৬২-৭৫
মুজিববর্ষে বিদ্যুৎ বিভাগের "গৃহহীনদের জন্য গৃহ প্রদান" কার্যক্রম	৭৬
প্রকাশনা ও সম্পাদনা কমিটি	৭৭

ভূমিকা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণের অঙ্গীকার করা হয়েছে। রূপকল্প-২০২১ এর আলোকে ২০২১ সালের মধ্যে সকল জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর অঙ্গীকার বাস্তবায়নে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান সরকার নিরঙ্কুশভাবে বিজয়ী হয়ে ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারের মূল প্রতিপাদ্য ছিল আমার গ্রাম-আমার শহর; আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ; তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি; তরুণ যুবসমাজকে দক্ষ জন শক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের নিশ্চয়তা। ধনী-দরিদ্র ও শহর-গ্রাম পর্যায়ে বৈষম্য হ্রাসে বর্তমান সরকার দৃঢ়প্রতিজ্ঞ। বিদ্যুৎ ও জ্বালানি যে কোন দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রার একটি অন্যতম প্রধান চালিকাশক্তি। এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশে খাদ্যোৎপাদন বৃদ্ধি এবং সবার জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিধানে বর্তমান সরকার অঙ্গীকারাবদ্ধ। সেচ যন্ত্রে বিদ্যুতের ব্যবহার কৃষি অর্থনীতিতে খুলে দিচ্ছে সম্ভাবনার নতুন দুয়ার। এতদ্ব্যতীত কৃষি কাজের আওতা বৃদ্ধিতে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে-যা বেকারত্ব হ্রাসে যুগান্তকারী ভূমিকা রাখছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি বিষয়ক সংস্থা FAO এর প্রকাশিত সর্বশেষ প্রতিবেদন এবং গত ৬ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখে The Daily Bangladesh Post এ প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী সবজি উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে তৃতীয় ও স্বাদু পানির মাছ উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে দ্বিতীয়, ধান ও আলু উৎপাদনে যথাক্রমে তৃতীয় ও সপ্তম (According to DAE) অবস্থানে রয়েছে। ফসলের জাত উৎপাদনে বাংলাদেশের অবস্থান প্রথম। স্বাধীনতার পর থেকে বাংলাদেশের ধানের উৎপাদন তিনগুণের বেশি, গম দ্বিগুণ, সবজি পাঁচগুণ, ভুট্টা দশগুণ বৃদ্ধি পেয়েছে। এছাড়া চা উৎপাদনে ১২তম, আম উৎপাদনে অষ্টম এবং ফল উৎপাদনে ১০ তম অবস্থানে রয়েছে বাংলাদেশ।

বর্তমান সরকারের আমলে বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নের ফলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাওয়ায় দেশের বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখ্যযোগ্য উন্নতি হয়েছে। বিদ্যুৎ খাতের সামগ্রিক অগ্রগতির ফলে বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা ইতোমধ্যে ২৩,৫৪৮ মেগাওয়াট অতিক্রম করেছে (জুলাই-২০২০)। কৃষি, শিল্প, রপ্তানী খাতসহ সকল ক্ষেত্রে অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখতে বিদ্যুতের বর্ধিত উৎপাদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সেচ মৌসুমে বিদ্যুতের যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও সরকার কর্তৃক লোড ম্যানেজমেন্ট বাস্তবায়নের ফলে সেচ সংযোগে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। এ সকল কার্যক্রম এবং সঠিক ব্যবস্থাপনার ফলশ্রুতিতে বিগত কয়েক বছর ধরে সেচ মৌসুমে আশানুরূপ কৃষি ফলন পাওয়া গেছে। যার ফলশ্রুতিতে ধান উৎপাদনে দেশ সর্বকালের রেকর্ড ভঙ্গ করেছে এবং বাংলাদেশ বর্তমানে চাল রপ্তানিকারক দেশে পরিণত হয়েছে। তাই আসন্ন সেচ মৌসুমেও পরিকল্পিত সেচ-লোড ব্যবস্থাপনার মাধ্যমে কৃষককে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২০২০ সালে সমগ্র বাংলাদেশে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা কর্তৃক সর্বমোট প্রায় ৪,২৮,৭৮১ টি সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদানের সুবিধা সৃষ্টি করা হয়েছিল তন্মধ্যে বাপবিবোর্ড কর্তৃক ৩,৫৭,৬৯০টি সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। ২০২১ সেচ মৌসুমে বাপবিবো কর্তৃক ইতোমধ্যে ৫,৮৪৮ টি সেচ সংযোগ প্রদান করা হয়েছে এবং এ সংখ্যা আরও প্রায় ১১,৭৪২ টি বৃদ্ধি পেয়ে সর্বমোট ৩,৭৫,০১০ টি তে উন্নীত হবে মর্মে আশা করা যায়। উল্লেখ্য, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) বর্তমান সেচ মৌসুমে মোট সেচ সংযোগের প্রায় ৮৩.৯৭% সংযোগ প্রদান করে বিধায় কৃষিতে বাম্পার ফলনের ক্ষেত্রে বাপবিবোর্ডের অবদান অবিস্মরণীয়। আরইবির মাধ্যমে বিএডিসি, বিএমডিএ, বিআরডিবি এর আওতায় এবং ব্যক্তিগত পর্যায়ে উত্তরবঙ্গ, উপকূলীয় অঞ্চলসহ দেশের সর্বত্র কৃষিকাজে পানি ব্যবহারের জন্য স্থাপিত সেচযন্ত্রে অতি দ্রুততার সাথে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়। বিএডিসিসহ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ বিদ্যুৎ সুবিধা গ্রহণ করে খাদ্য উৎপাদনের পাশাপাশি দেশের উত্তরাঞ্চলে সুপেয় পানি সরবরাহ করছে। এছাড়া দেশের সেচ ব্যবস্থাপনায় টেকসই ও পরিবেশবান্ধব বিদ্যুৎ সরবরাহের জন্য আরইবি সৌর বিদ্যুৎ নিয়ে কাজ করছে। সেচ মৌসুমে গ্রীড বিদ্যুতের উপর অতিরিক্ত চাপ হ্রাস এবং দূষিত পদার্থের নির্গমন হ্রাস করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আর্থিক সহায়তায় ১৪ টি পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় ২০০০টি পরিবেশ বান্ধব সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

সরকারি কর্মচারীদের প্রতি আমার নির্দেশ দায়িত্ব পালনে আরো মন দিন।
প্রশাসন থেকে দুর্নীতি দূর করুন। -বঙ্গবন্ধু

রাজশাহী ও রংপুর বিভাগে সেচ পাম্পের ঘনত্ব সবচেয়ে বেশি। এখানে বিদ্যুৎ চালিত সেচ পাম্পের সংখ্যা দেশের মোট বিদ্যুৎ চালিত পাম্পের প্রায় ৪৪.৫৭%। দ্বিতীয় অবস্থানে রয়েছে বৃহত্তর ময়মনসিংহ যা ২৫.১২% এবং ১৪.৪৭% নিয়ে তৃতীয় অবস্থানে রয়েছে বৃহত্তর খুলনা বিভাগ। সেচ পাম্পের মধ্যে বড় অংশ হচ্ছে অগভীর নলকূপ, যা গভীর নলকূপ ও লো-লিফট পাম্পের তুলনায় যথাক্রমে আট গুণ ও বিশ গুণ।

বর্তমানে বাপবিবোর অধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক ৩,৬৩,৫৩৮টি সেচ সংযোগের মাধ্যমে দেশের প্রায় ৫৬ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় এসেছে এবং দেশে খাদ্য উৎপাদন ব্যাপক পরিমাণে বৃদ্ধির সুযোগ তৈরি হয়েছে। কৃষিখাত যান্ত্রিকীকরণ এবং সেচের ক্ষেত্রে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হওয়ায় কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশের এক ইঞ্চি জায়গাও পতিত না রাখার আহবান জানিয়েছেন। তৎপ্রেক্ষিতে কৃষিখাতকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সেচ নীতিমালা সহজীকরণসহ শুধু সেচ মৌসুম নয় বরং বছরব্যাপী সেচ সংযোগ প্রদানের নীতিমালা প্রণয়ন করেছে। এ নীতিমালা বাস্তবায়নের ফলে ফসল উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পূর্বে যে জমিতে ১টি মাত্র ফসল উৎপাদন হতো বর্তমানে সে একই জমিতে ২/৩টি ফসল উৎপাদিত হচ্ছে। সর্বোপরি ফসল উৎপাদনও বহুগুণ বৃদ্ধি পেয়েছে। সেচ নীতিমালা সহজীকরণের ফলে কৃষকগণ কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিতে পূর্বের তুলনায় অধিকমাত্রায় আগ্রহী হয়ে উঠছেন। সেচের ক্ষেত্রে সোলার বিদ্যুৎ ব্যবহারের জন্য বাপবিবোর্ডের মাধ্যমে সর্বপ্রথম ৪০টি সোলার সেচ পাম্প স্থাপন করা হয়েছে। বর্তমানে আরও ২০০০টি সোলার সেচ পাম্প স্থাপনের কাজ প্রক্রিয়াধীন আছে; যা বর্তমান বিশ্বে এ ধরনের একক বৃহৎ প্রকল্প।

সেচ যন্ত্রে বিদ্যুতের ব্যবহার কৃষি অর্থনীতিতে খুলে দিচ্ছে সম্ভাবনার নতুন দুয়ার। বর্তমান সরকারের সময়ে বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সক্ষম হয়েছে। বহির্বিশ্বে খাদ্য রপ্তানিও সম্ভব হয়েছে। এ সফলতার অন্যতম কারণ এক ফসলী জমিতে বছরে তিনবার চাষাবাদ করতে সক্ষম হওয়া। সেচ ব্যবস্থাপনায় বিদ্যুতের ব্যবহারই এটি বহুলাংশে নিশ্চিত করেছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল বিতরণ সংস্থা কর্তৃক সর্বমোট ৪,৪৬,৬০৭ টি সেচ সংযোগের মাধ্যমে উক্ত সুবিধা সৃষ্টি করা হয়েছে। সেচ যন্ত্রে বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার ফলে একই জমিতে একাধিক ফসল চাষাবাদ সম্ভব হয়েছে। ফসল উৎপাদনের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। তথাপি কৃষি কাজের আওতা বৃদ্ধিতে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে-যা বেকারত্ব হ্রাসে যুগান্তকারী ভূমিকা রাখছে। দেশের সেচ ব্যবস্থাপনায় টেকসই ও পরিবেশবান্ধব বিদ্যুৎ সরবরাহের জন্য আরইবিসৌর বিদ্যুৎ নিয়ে কাজ করছে। সেচ কাজে মানসম্পন্ন ও টেকসই বিদ্যুৎ সরবরাহের এ ধারাকে অব্যাহত রেখে দেশে কৃষি বিপ্লব সংঘটনে সহায়ক ভূমিকা রাখতে বিদ্যুৎ বিভাগ বদ্ধপরিকর।

আসন্ন সেচ মৌসুমে দেশব্যাপী সেচের জন্য সুষ্ঠু ও পরিকল্পিত লোড ব্যবস্থাপনার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয় এর তত্ত্বাবধানে বিদ্যুৎ উৎপাদন, বিতরণ ও সঞ্চালন ইউটিলিটিসমূহের মধ্যে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেচ মৌসুমে পরিকল্পিত লোড ব্যবস্থাপনা পরিচালনার জন্য কেন্দ্রীয় ও অঞ্চলভিত্তিক লোড ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। সঠিক ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের জন্য ইতোমধ্যে উপকেন্দ্র, বিতরণ লাইন, ট্রান্সফরমার ইত্যাদি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে এবং আপদকালীন সময়ের জন্য ট্রান্সফর্মারসহ প্রয়োজনীয় মালামাল মজুদের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়াও বিদ্যুৎ কেন্দ্রসমূহে তরল জ্বালানি ও গ্যাস সরবরাহ এবং কয়লা মজুদ নিশ্চিত করার জন্য জ্বালানি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট সংস্থাসমূহ যথা বিপিসি, পেট্রোবাংলা, রেলওয়ে ও নৌ-পরিবহন কর্তৃপক্ষের সাথে সভা করে যথাযথ ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

কৃষিতে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য নিরাপত্তার বিষয়টি সর্বাধিক গুরুত্বপূর্ণ বিবেচনায় বিগত বছরগুলোর ন্যায় আসন্ন সেচ মৌসুমে সরকার যেকোন মূল্যে সেচ কাজের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বদ্ধপরিকর। ইনশাআল্লাহ্ অন্যান্য বৎসরের ন্যায় এবারেও আমরা এক্ষেত্রে সাফল্য অর্জন করতে সক্ষম হবো।

আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের প্রভাব

"সব সাধকের বড় সাধক আমার দেশের চাষা,
দেশ মাতারই মুক্তিকামী, দেশের সে যে আশা।"

পটভূমিঃ কৃষিভিত্তিক বাংলাদেশের দৈনন্দিন জীবনযাত্রা ও আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকা শক্তি হলো কৃষি। "মুজিববর্ষ পল্লী বিদ্যুতের সেবা বর্ষ" এই স্লোগানকে সামনে রেখে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেখানো পথে কৃষি সেক্টরের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন ডিজিটাল বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা। বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত আয়ের দেশ হিসেবে গড়ে তুলতে কৃষিবান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বাপবিবোর্ড কর্তৃক ইতোমধ্যে সারাদেশে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম প্রায় শেষ প্রান্তে রয়েছে। এরই ধারাবাহিকতায়, "কৃষক বাঁচলে বাঁচবে দেশ, তৈরি হবে স্বনির্ভর সোনার বাংলাদেশ" এই স্লোগানকে সামনে রেখে খাদ্য নিরাপত্তা নিশ্চিত এবং ক্ষুধামুক্ত দেশ উপহার দেওয়ার জন্য সকল সংস্থা কর্তৃক ইতোমধ্যে বর্তমানে সারাদেশে প্রায় ৪,৩২,১৬৫ টি সেচ সংযোগ প্রদান করা হয়েছে এবং প্রতিনিয়ত গ্রাহকদের নিকট হতে নতুন নতুন সেচ সংযোগের আবেদন গ্রহণ ও সংযোগের কাজ চলমান রাখা হয়েছে। .

সেচ পদ্ধতির সূচনা হয়েছিল প্রাচীন মিশরে। বৃটিশ-ভারতে মানবসৃষ্ট সেচ ব্যবস্থা ছিল না। ১৭৭০ সালের দুর্ভিক্ষের পর ১৯০১ সালে লর্ড কার্জন শাসনামলে সেচ ব্যবস্থা নিয়ে চিন্তা ভাবনা শুরু হয়। এরই ধারাবাহিকতায়, ১৯৬১ সালে বিএডিসি প্রতিষ্ঠা, ১৯৬৭ সালে গভীর নলকূপ স্থাপন এবং ১৯৭২ সাল থেকে অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে বাংলাদেশে সেচ ব্যবস্থা চালু হয়। বর্তমানে দেশের ক্রমবর্ধমান ১৬.৬৭ কোটি লোকের বার্ষিক খাদ্য চাহিদা মেটাতে নূন্যতম ৩ কোটি ৮৫ লক্ষ মেট্রিক টন ধান উৎপাদন করা প্রয়োজন। দেশের আবাদযোগ্য জমি ৮৫.৮৫ লক্ষ হেক্টর; যার মধ্যে ২০২০ সাল পর্যন্ত ৫৬ লক্ষ হেক্টর (৬৫%) সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। সেচ প্রদানকৃত জমির মধ্যে ৪০.৮১ লক্ষ হেক্টর (৭৩.৩২%) আন্ডার গ্রাউন্ড ওয়াটার এবং ১৪.৭৫ লক্ষ হেক্টর (২৬.৫৬%) জমিতে সারফেস ওয়াটার ব্যবহার করা হয়। ২০১৯ সাল পর্যন্ত সারাদেশে ৩৭,৫৩৮ টি গভীর নলকূপ, ১৩,৯৯,০৩৫ টি অগভীর নলকূপ, ১,৫৯,২১৩ টি এলএলপি এবং ৯৮,১০৪টি প্রাচীন পদ্ধতির সেচ যন্ত্র চলমান ছিল (সূত্রঃ BADC, MIRSR 2019) । এর প্রেক্ষিতে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় ২০২০ সাল পর্যন্ত ৪২,৪৪১ টি গভীর নলকূপ, ৩,০৬,০৭৭ টি অগভীর নলকূপ এবং ১৩,৮২০ টি এলএলপিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে **(সূত্রঃ ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতি হতে সংগৃহীত ২০২০ এর সেচ তথ্য)**।

এখন পর্যন্ত সেচ প্রক্রিয়ার আওতাভুক্ত ৫৫.৫৬ লক্ষ হেক্টর জমির মধ্যে ৫২.৭৫ লক্ষ হেক্টর জমিতে যান্ত্রিক তথা গভীর, অগভীর, এলএলপি দ্বারা এবং ২.৮০ লক্ষ হেক্টর জমিতে প্রাচীন/ মানবচালিত পদ্ধতির সেচ যন্ত্র ব্যবহার করা হয়। বিগত খরিপ সেচ মৌসুমে সর্বোচ্চ ১৫,৭৪,৮৫৯টি সেচ পাম্প/যন্ত্রপাতি চলমান ছিল; যার ২১.৪১% বিদ্যুৎ চালিত এবং ৭৮.৫৯% ডিজেল চালিত (সূত্র- BADC, MIRSR 2019)।

সেচ বিদ্যুতায়ন কার্যক্রমের মাধ্যমে খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক উন্নয়ন

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্মলগ্ন তথা ১৯৭৭ সাল থেকেই সেচ সংযোগ প্রদানের কাজ একটি অগ্রাধিকার খাত হিসাবে গন্য হয়ে আসছে। আরইবি প্রতিবছর ক্রমাগতভাবে ৪-৫% হারে নতুন সেচ সংযোগ বৃদ্ধি করে দেশের সামগ্রিক সেচ কার্যক্রমে অনন্য ভূমিকা রাখছে। মোট বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত সেচের ৮৩.৯৭% আরইবি প্রদান করে। এক সময়ের খাদ্য ঘাটতির দেশ এখন খাদ্য উদ্বৃত্তের দেশে রূপান্তরিত হয়েছে। আধুনিক সেচ ব্যবস্থার কারণে ধান উৎপাদন ১৯৯৯ সালের তুলনায় ৪ গুণ বৃদ্ধি পেয়ে বার্ষিক ৩.৫৩ কোটি মেট্রিক টনে উন্নীত হয়েছে। বর্তমানে দেশে ধানের চাহিদা বার্ষিক ৩.৫১ কোটি মেট্রিক টন (সূত্র- Grain Report Number BG:1903)।

পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহারের মাধ্যমে আগামী ২০২৫ সালের মধ্যে সর্বমোট ৭৪.৫০ লক্ষ হেক্টর জমিতে সেচ সম্প্রসারণ করার পরিকল্পনা নেয়া হয়েছে (WARPO- 2000)। সার্ভে রিপোর্ট অনুযায়ী কমপক্ষে ৬০ লক্ষ হেক্টর জমিতে সারা বৎসর ব্যাপী সেচের আওতায় আনা গেলে প্রায় ৬ কোটি মেট্রিক টন ধান/দানা শষ্য উৎপাদন সম্ভব হবে এবং বাংলাদেশ টেকসইভাবে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত হবে। ক্রমবর্ধমান জনগোষ্ঠীর অন্ন, বস্ত্র, বাসস্থান ও পুষ্টির চাহিদা, ক্রমহ্রাসমান জমি থেকে মোটাতে উৎপাদন বৃদ্ধিই একমাত্র ভরসা। এ লক্ষ্যকে সামনে রেখে দেশের অবশিষ্ট ৭৮.৫৯% সেচ পাম্পের চলমান ডিজেল ইঞ্জিন অপসারণ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হলে কৃষকের সেচ ব্যয় এক-পঞ্চমাংশে নেমে আসবে। কৃষকের মুখে হাসি ফুটবে; যা ছিল জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন।

আমার সবচেয়ে বড় শক্তি আমার দেশের মানুষকে ভালোবাসি,
সবচেয়ে বড় দুর্বলতা তাদেরকে খুব বেশী ভালোবাসি। -বঙ্গবন্ধু

সেচ পাম্পের ঐতিহাসিক উন্নয়নের গ্রাফচিত্র



Figure 1: Historical Development of Different Types of Pumps in Bangladesh

শতভাগ বিদ্যুতায়নের ফলে পল্লী এলাকায় সেচ সংযোগ নিয়ে চাষীরা শুষ্ক মৌসুমে প্রয়োজন মত জমিতে সেচের পানি দিয়ে বিভিন্ন ফসল উৎপাদন করে স্বাবলম্বী হচ্ছে। এক ফসলি জমি সেচের প্রভাবে দুই বা ততোধিক ফসলি জমিতে পরিণত হয়েছে এবং কৃষি পণ্য উৎপাদন ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। ফলে সেচ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পল্লী এলাকায় দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেচের ফলে কৃষির মোট উৎপাদনশীলতা বৃদ্ধি পাওয়ায় কৃষি কাজের বিভিন্ন পর্যায়ে (শস্য রোপন, নিড়ানি, মাড়াই, সংরক্ষণ) ইত্যাদি কর্মকাণ্ডে গ্রামীণ মহিলাদের অংশগ্রহণ এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। ফলে নারী ক্ষমতায়নের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়েছে। কৃষি পরিবারের আয় উল্লেখযোগ্য হারে বেড়েছে এবং জীবনধারার মান সম্পর্কিত খাতসমূহ যথা শিক্ষা, চিকিৎসা, পোশাক, খাদ্য এবং উৎসবে ব্যয় বহন করতে সামর্থ্য অর্জন করেছে। আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের ফলে এলাকায় শিক্ষা হার বেড়েছে, রাস্তাঘাটের উন্নয়ন হয়েছে, ব্যবসা প্রতিষ্ঠান বেড়েছে, অর্থনৈতিক আয় বেড়েছে, দারিদ্রের হার কমেছে, বিদ্যুৎ সুবিধা বেড়েছে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

ধান উৎপাদনে একসময়কার প্রসিদ্ধ জেলা বরিশালের পার্শ্ববর্তী জেলাসহ গোটা দক্ষিণাঞ্চলে ধানসহ অন্যান্য সবজি, আখ, মালটা প্রভৃতি বিভিন্ন ফল যেমনঃ কলা, পেয়ারা, আমড়া, নারিকেল, সুপারি চাষ শুরু হয়েছে। দক্ষিণাঞ্চলে নদী নালা ও খাল বিল বেষ্টিত হলেও পানিতে লবনাক্ততা থাকায় চাষাবাদের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে মিঠা পানি পাওয়া যায় না। শতভাগ বিদ্যুতায়ন এর মাধ্যমে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক উক্ত অঞ্চলে সেচ সংযোগ প্রদানের মাধ্যমে লোনা পানি হতে মিঠা পানির সংস্থান করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল বিশেষ করে বৃহত্তর যশোর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা জেলাতে ধানের পাশাপাশি সবজি ও ভুট্টা চাষে পল্লী বিদ্যুতের সেচ সংযোগের মাধ্যমে ব্যাপক উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। উক্ত অঞ্চলের সবজি ও ভুট্টা দেশের সকল অঞ্চলে বাজারজাত করা হচ্ছে। পল্লী বিদ্যুতায়ন সেচ কার্যক্রমের মাধ্যমে উক্ত এলাকায় বিপুল পরিমাণে ধান উৎপন্ন হচ্ছে। ফলে উৎপাদিত ধানের বদৌলতে কুষ্টিয়ার খাজা নগরে দেশের বৃহত্তম চাল উৎপাদন ও সরবরাহকারী মোকাম গড়ে উঠেছে। এর মাধ্যমে কৃষিতে ব্যাকওয়ার্ড ও ফরোওয়ার্ড লিংকেজ তৈরী হয়েছে; যা বেকারত্ব হ্রাসে ব্যাপক ভূমিকা রাখছে। এছাড়া, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সেচ ব্যবহারকারী কৃষকের আর্থ-সামাজিক উন্নয়ন দৃশ্যমান হওয়ায় এবং পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে সেচ সংযোগে নানাবিধ সুবিধাদি পাওয়ায় সারাদেশের কৃষকগণ পল্লী বিদ্যুতায়নের সেচ সংযোগ গ্রহণে অধিক আগ্রহী হচ্ছে। কৃষিকাজে সেচ প্রযুক্তি ব্যবহার করে সারা দেশের কৃষকের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে, দারিদ্রের হার হ্রাস পেয়েছে, কৃষকের ক্রয় ক্ষমতা বেড়েছে, বেকারত্ব হ্রাস পেয়েছে, যা কৃষকের আর্থ-সামাজিক উন্নতিতে ভূমিকা রাখছে। সেচ প্রযুক্তি ব্যবহার করে অধিক ফলনের মাধ্যমে কৃষকগণ আর্থিকভাবে উপকৃত হওয়ায় সামাজিক অবস্থানের উত্তরোত্তর উন্নতি ঘটছে। এক কথায় বলা যায় কৃষকের আর্থ-সামাজিক উন্নতির ক্ষেত্রে পল্লী বিদ্যুতায়ন সেচ কার্যক্রম অগ্রণী ভূমিকা পালন করছে।

বিদ্যুৎ বিভাগের সকল সংস্থা কর্তৃক ইতোমধ্যে ৪,৩৪,৬২৯ টি সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে দেশকে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করছে। ডিজেল চালিত পাম্পের ক্ষমতা ৩০-৪০%। অপরদিকে বিদ্যুৎ চালিত সেচ পাম্পের ক্ষমতা ৭০-৮০%। এছাড়াও সরকারের সদিচ্ছার কারণে বিদ্যুৎ চালিত সেচ পাম্পে ২০% রিবেট প্রদান করা হচ্ছে। সেচের সহজলভ্যতার জন্য ফসলের উৎপাদন খরচ কমছে, উৎপাদিত কৃষি পণ্যের ন্যায্য মূল্য পাওয়ায় নতুন নতুন বাজার সৃষ্টি হয়েছে। খাদ্য শস্য ও সবজী উৎপাদনের জন্য নতুন নতুন জাত ও প্রযুক্তি ব্যবহারে কৃষকগণ উদ্বুদ্ধ হচ্ছেন। এক/দুই ফসলী জমিকে তিন/চার ফসলী জমিতে রুপান্তর সম্ভব হচ্ছে। মোট কথা, বিদ্যুতায়নের ফলে সেচ পাম্পের মাধ্যমে কৃষির মোট উৎপাদনশীলতা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে এবং সার্বিকভাবে দেশের সামষ্টিক অর্থনীতিতে বিশাল ভূমিকা রাখছে।

সেচ কাজে জনপ্রিয় ওয়েট এন্ড ড্রাই পদ্ধতির (AWD) সংক্ষিপ্ত ধারণা

- জনপ্রিয় ওয়েট এন্ড ড্রাই পদ্ধতির পূর্ণরূপ হলো- Alternate Wetting & Drying (AWD)। ওয়েট এন্ড ড্রাই পদ্ধতি হল ধান ক্ষেতে সেচ দেয়ার উপর্যুক্ত সময় নির্ধারণ পদ্ধতি। মাটিতে পর্যাপ্ত রস/পানি থাকলে ধান গাছ শিকড়ের মাধ্যমে তার প্রয়োজনীয় পানি গ্রহণ করতে পারে। ধান ক্ষেতে একটি ছিদ্রযুক্ত প্লাস্টিক বা বাঁশের পাইপ বসিয়ে মাটির নিচে গাছের শিকড়ের এলাকায় (Root Zone depth) পানি পর্যবেক্ষণ করে সেচ দেওয়াই হলো এই পদ্ধতির বৈশিষ্ট্য।

- ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের কারণে পানির স্তর দিন দিন নেমে যাচ্ছে। তাই এ পদ্ধতির মাধ্যমে ধান চাষে পর্যায়ক্রমে জমি শুকানো ও ভিজা রেখে পরিমিত সেচ প্রদানের মাধ্যমে মূল্যবান সেচের পানি ও জ্বালানি (বিদ্যুৎ/ডিজেল) সাশ্রয় করা এবং সেচ খরচ কমানো সম্ভব।

- ধানের চারা রোপনের ১০/১৫ দিন পর্যন্ত জমিতে ২-৪ সে. মি. দাড়ানো পানি রাখতে হবে। তারপর থেকে ওয়েট এন্ড ড্রাই পদ্ধতি (AWD) কার্যকর হবে। এভাবে প্রথম দিকে জমিতে দাড়ানো পানি রাখলে ধান ক্ষেতে আগাছা কম হবে। এরপরও ওয়েট এন্ড ড্রাই পদ্ধতিতে (AWD) সেচ প্রদান করলে ধান ক্ষেতে কখনও কখনও আগাছার উপদ্রব বেশি হতে পারে বিধায় আগাছা দমনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

- সেচ সাশ্রয়ী ওয়েট এন্ড ড্রাই পদ্ধতি (AWD) চালুর পর, প্রতিবার সেচের সময় এমন পরিমাণ পানি দিতে হবে যাতে জমিতে ৫ সেঃমিঃ গভীরতায় পানি থাকে। অতপর পানি কমতে কমতে পানির স্তর যখন পর্যবেক্ষণ পাইপের ভিতর ২০ সে. মি. নীচে নেমে যাবে অর্থাৎ পাইপের তলার মাটি দেখা যাবে, তখন আবার সেচ দিতে হবে। এ অবস্থায় আসতে মাটি ভেদে ৫-৮ দিন সময় লাগবে। এভাবে ফুল আসা পর্যন্ত সেচ দিয়ে যেতে হবে। ফুল আসার পর ২ সপ্তাহ পর্যন্ত জমিতে সব সময় ২-৪ সে.মি. পানি রাখতে হবে। এ সময় যেন কোন অবস্থাতেই পানির ঘাটতি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অতপর ধান কাটার ২ সপ্তাহ পূর্বে সেচ বন্ধ করতে হবে।

- সেচ খরচ কমাতে না পারলে ধান চাষ লাভজনক হবে না। এজন্য ধানের জমিতে ওয়েট এন্ড ড্রাই পদ্ধতি (AWD) ব্যবহার করে সঠিক সময়ে সঠিক মাত্রায় সেচ প্রদান করলে মূল্যবান পানি, বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয় হবে। ফলে ধানের উৎপাদন খরচ কম হবে এবং ফসলের উৎপাদন বৃদ্ধিসহ পরিবেশ রক্ষা পাবে। তাই উক্ত পদ্ধতি অনুসরণের মাধ্যমে ধানের জমিতে সেচ প্রদানের জন্য সকল কৃষক ভাইদের উদ্বুদ্ধকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো।



NESCO এর সেচ কার্যক্রম

কৃষিতে সরকারের নির্দেশনা

- করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধান-মন্ত্রীর ৩১ দফা নির্দেশনা বাস্তবায়নের জন্য চলতি মৌসুমে সকল সেচযন্ত্রে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।
- খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখা, অধিক ফসল উৎপাদন, খাদ্য নিরাপত্তার জন্য যা যা করা দরকার তা করতে হবে। কোন জমি যেন পতিত না থাকে"।
- ধান উৎপাদনের পাশাপাশি পিয়াজ, রসুন, ডাল, তেলজাতীয় শস্য, হলুদ, আদা, শাকসবজি, মৌসুমী ফুল-ফলসহ সকল ধরনের কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে।

সরকারি নির্দেশনার আলোকে সেচ মৌসুমে বিতরণ সংস্থাসমূহের করণীয়

- বিগত সেচ মৌসুমের অভিজ্ঞতার আলোকে বর্তমান সেচ মৌসুমের চাহিদা নিরূপণপূর্বক সকল বিতরণ সংস্থা (Utilities) কে পর্যাপ্ত মালামালের (বিতরণ ট্রান্সফর্মার, সার্ভিস ড্রপ তার, মিটার ও আনুষঙ্গিক মালামাল) মজুদ নিশ্চিত করতে হবে।
- কারিগরী সক্ষমতার ভিত্তিতে বাস্তবভিত্তিক লোড ম্যানেজমেন্টের মাধ্যমে সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।
- অগ্রাধিকার ভিত্তিতে সেচ সংযোগ প্রদানের লক্ষ্যে ওভারলোডেড লাইন/উপকেন্দ্রসমূহের আপগ্রেডেশন ও ট্রান্সফরমার মেরামত, লোড বিভাজন, ফিডার বিভাজন, ১১ কেভি লাইনে পাওয়ার ফ্যাক্টর উন্নয়নে ক্যাপাসিটর স্থাপন ও ভোল্টেজ উন্নয়নে লাইন রেগুলেটর স্থাপন ইত্যাদি কার্যক্রম সেচ মৌসুম শুরুর পূর্বেই নিশ্চিত করতে হবে।
- সকল বিতরণ সংস্থার প্রতিটি অফিসে সেচ নিয়ন্ত্রণ কক্ষ/ডেস্ক চালু করতে হবে এবং কমপক্ষে একজন কর্মকর্তা দ্বারা বিষয়টির সার্বক্ষণিক মনিটরিং নিশ্চিত করতে হবে। একাজে ব্যবহৃত হটলাইন নম্বরটি ব্যাপক প্রচার প্রচারণার (লিফলেট, পোস্টার, ডিস লাইন, স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি) মাধ্যমে গ্রাহকদের অবহিত করতে হবে।
- সকল বিতরণ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অফিসভিত্তিক সেচ মনিটরিং কমিটি গঠন করতে হবে এবং কমিটির কার্যপরিধি সুনির্দিষ্ট করতে হবে।
- কৃষকদের সমস্যাবলী চিহ্নিত করার লক্ষ্যে সকল বিতরণ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সময়ে সময়ে মাঠ পর্যায়ে পরিদর্শনে যেতে হবে। লো-ভোল্টেজ বা অন্যান্য কারিগরি কারণে কোনক্রমেই যাতে কৃষকের ফসলের জমি সেচের অভাবে ক্ষতিগ্রস্থ না হয়, সেদিকে সর্বোচ্চ সজাগ দৃষ্টি রাখতে হবে।
- বিতরণ ট্রান্সফর্মার, সার্ভিস ড্রপ তার, মিটার ও আনুষঙ্গিক মালামাল নষ্ট হলে বা চুরি হলে তা দ্রুত প্রতিস্থাপন করতে হবে। এক্ষেত্রে শৈথল্য, গাফিলতি বা অবহেলা করা যাবে না।
- বৈশ্বিক মহামারী (COVID-19) এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় খাদ্য নিরাপত্তা বলয় সুসংহত করার লক্ষ্যে বিতরণ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের গ্রাহকবান্ধব হয়ে কাজ করতে হবে।

সেচ মৌসুমে কৃষক ভাইদের করণীয়

- সেচ পাম্পগুলো পিক আওয়ারে পরিচালনা না করা।
- অফ-পিক আওয়ারে রাত ১১:০০ টা থেকে পরদিন সকাল (মাঠের বাস্তব প্রয়োজনীয়তা বিবেচনায়) পর্যন্ত সেচ পাম্প চালু রাখা।
- এলাকাভিত্তিক সেচ মনিটরিং কমিটি কর্তৃক প্রদেয় আবর্তন (রোটেশন) পদ্ধতি মেনে চলা।
- বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর নির্দেশনা অনুযায়ী সেচ যন্ত্রের পাওয়ার ফ্যাক্টর এর মান ০.৯৫ থেকে ১.০ এর মধ্যে নিশ্চিতকরণের জন্য যথাযথ মানের ক্যাপাসিটর ও অটো পিএফআই স্থাপন করা।
- এক সঙ্গে সকল সেচ যন্ত্র চালু না করে প্রয়োজনে দুই শিফট চালু করা।
- কৃষি বিভাগের নির্দেশনা অনুযায়ী জমিতে আদর্শমানের চাষ পদ্ধতি (**ওয়েট এন্ড ড্রাই পদ্ধতি**) মেনে চলা।
- প্রয়োজনের অতিরিক্ত সেচ জমিতে না দেয়া।

সেচ মৌসুমে বিদ্যুৎ সংক্রান্ত অভিযোগ/তথ্যের জন্য যোগাযোগের টেলিফোন নম্বর:

	বিদ্যুৎ বিভাগ	ঃ	০২-৯৫১২২৬৫
	বাপবিবো	ঃ	০২-৮৯০০২৯৮, ০১৭৯২-৬২৩৪৬৭
	বিউবো	ঃ	০২-৯৫৫৩১০০, ০১৮১৯২২৮৬১৬
	ওজোপাডিকো (খুলনা-বরিশাল)	ঃ	০৪১-৭২৪৪৭২
NESCO	নেসকো (রাজশাহী-রংপুর)	ঃ	০৭২১-৭৭৪৬৮৬, ০৫২১-৬৫৯৯৯



পল্লী বিদ্যুতের সেচ কার্যক্রম

সংস্থাভিত্তিক ও অঞ্চলভিত্তিক সেচ পাম্পের বিস্তারিত তথ্য

চলতি মৌসুমে সম্ভাব্য সেচ পাম্পের অনুপাত নিম্নরূপঃ
অগভীর নলকূপঃ গভীর নলকূপ = ৮ : ১
অগভীর নলকূপঃ লো-লিফট পাম্প = ২০ : ১

সংস্থা ভিত্তিক সেচ পাম্পের প্রবৃদ্ধির তথ্য

সেচ মৌসুম	বিউবো	বাপবিবো	ডিপিডিসি	ডেসকো	ওজোপাডিকো	নেসকো	মোট	গত বছরের তুলনায় বৃদ্ধি
২০২০	৩৫৫১০	৩৫৭৬৯০	২৫	১৫	৭৮৫২	২৭৬৮৯	৪,২৮,৭৮১	৪.৯৮%
২০২১	৩৫৯০৪	৩৭৫০১০	২২	৩১	৮১৮৩	২৭৪৫৭	৪,৪৬,৬০৭	

বাপবিবো - বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
বিউবো - বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ডিপিডিসি - ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ
ডেসকো - ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ
ওজোপাডিকো - ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
নেসকো - নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড

ইউটিলিটি সমূহের অধীন এলাকা ভিত্তিক বিদ্যুৎ চালিত পাম্পের তথ্য

বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ এর বিদ্যমান নেটওয়ার্কের মাধ্যমে লোড বন্টন এবং ব্যবস্থাপনার সুবিধার্থে সমগ্র দেশকে ৯ (নয়) টি অঞ্চলে ভাগ করা হয়েছে। ঢাকা, ময়মনসিংহ (বৃহত্তর ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা), সিলেট, কুমিল্লা (বৃহত্তর নোয়াখালী জেলাসহ), চট্টগ্রাম, খুলনা (খুলনা বিভাগ ও বৃহত্তর ফরিদপুর জেলা), বরিশাল, রাজশাহী (বৃহত্তর রাজশাহী, পাবনা ও বগুড়া জেলা) এবং রংপুর (বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলা) নিয়ে মোট নয়টি অঞ্চলকে ভাগ করা হয়েছে। উক্ত অঞ্চলসমূহে ব্যবহৃত সেচ পাম্পের তথ্য নিম্নবর্ণিত ছকে উপস্থাপন করা হলো:

অঞ্চল	২০২০ মৌসুমে পাম্প সংখ্যা	২০২১ মৌসুমে সম্ভাব্য পাম্প সংখ্যা								
		বাপবিবো	বিউবো	নেসকো	ওজোপাডিকো	ডিপিডিসি	ডেসকো	মোট	%	গত বছরের তুলনায় হ্রাস/ বৃদ্ধি %
ঢাকা	২৪২৭৮	২৫৪৩২				২২	৩১	২৫৪৮৫	৫.৭১%	৪.৯৭%
ময়মনসিংহ	১০২১৮৯	৮১৬৬৭	৩১৫৩১					১১৩১৯৮	২৫.৩৫%	১০.৭৭%
সিলেট	৫৬৩৯	৬৩০৯	২১৪					৬৫২৩	১.৪৬%	১৫.৬৮%
কুমিল্লা	২৮৩৫৭	২৬৪৩৮	৩০৫৩					২৯৪৯১	৬.৬০%	৪.০০%
চট্টগ্রাম	৮২৯৮	৭৩২৯	১১০৬					৮৪৩৫	১.৮৯%	১.৬৫%
খুলনা	৬৪২০৫	৫৭২০২			৮১০৫			৬৫৩০৭	১৪.৬২%	১.৭২%
বরিশাল	১৩১৪	১৩৭৬			৭৮			১৪৫৪	০.৩২%	১০.৬৫%
রাজশাহী	৮৫৫৬৮	৮০৪৬৫		৬০৪৭				৮৬৫১২	১৯.৩৭%	১.১০%
রংপুর	১০৮৯৩৩	৮৮৭৯২		২১৪১০				১১০২০২	২৪.৬৮%	১.১৬%
মোট	৪২৮৭৮১	৩৭৫০১০	৩৫৯০৪	২৭৪৫৭	৮১৮৩	২২	৩১	৪৪৬৬০৭	১০০%	৫১.৭১%

অঞ্চলভিত্তিক সেচ পাম্পের ঘনত্ব



পাম্পের ক্ষমতা

সেচ পাম্পের বৈদ্যুতিক মোটরের রেটিং এর ভিত্তিতে প্রতিটি গভীর নলকূপ, অগভীর নলকূপ এবং লো-লিফট পাম্প এর গড়ে বৈদ্যুতিক লোডের পরিমাণ নিম্নরূপঃ

পাম্পের ধরন	সকল ক্ষেত্রে	ব্যতিক্রম (বিউবো, রাজশাহী)
গভীর নলকূপ	২০ কিলোওয়াট	২৭.৫ কিলোওয়াট
অগভীর নলকূপ	৩ কিলোওয়াট	৮.০ কিলোওয়াট
লো-লিফট পাম্প	১২ কিলোওয়াট	

মোট সেচ পাম্পের ৮৩.৯৭ ভাগের উপর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এলাকায় অবস্থিত। বিগত বছরগুলোতে যথাযথভাবে লোড ব্যবস্থাপনার ফলে সার্বিক চাহিদায় ১.৬ থেকে ১.৭ ডাইভারসিটি ফ্যাক্টর পাওয়া গেছে। অন্যান্য সংস্থার ক্ষেত্রে সেচ পাম্পের সংখ্যা ও অবস্থান বিক্ষিপ্তভাবে থাকায় ডাইভারসিটি নির্ণয়ের ক্ষেত্রে তার কোন প্রভাব পড়ে না।

২০২১ সেচ মৌসুমে সেচ পাম্পের বিদ্যুৎ চাহিদা (মেগাওয়াট)

অঞ্চল	বাপবিবো	বিউবো	নেসকো	ওজোপাডিকো	ডিপিডিসি	ডেসকো	মোট	%
ঢাকা	১৪৬.১৫	-	-	-	০.৩২	০.১২৩	১৪৬.৫৯৩	৬.২০
ময়মনসিংহ	৩৩৯.২০	১৭৩.১৫	-	-	-	-	৫১২.৩৫	২০.৮৪
সিলেট	৩৯.২৯৩	১.১৬	-	-	-	-	৩০.৪৫৩	১.৩৫
কুমিল্লা	১৪৫.৮৩	১৬.৬৮	-	-	-	-	১৬২.৫১	৬.৮৫
চট্টগ্রাম	২০.৫১১	৬.০৩	-	-	-	-	২৬.৫৪১	১.০৯
খুলনা	২৬৩.৫৭	-	-	৬৪.০৪	-	-	৩২৭.৬১	১৩.৪১
বরিশাল	১১.১৪৩	-	-	১.১৬	-	-	১২.৩০৩	০.৫৭
রাজশাহী	৪৮৯.৩০	-	৬২.৪২	-	-	-	৫৫১.৭২	২৩.১২
রংপুর	৫৪২.৬২	-	৯৮.৩৯	-	-	-	৬৪১.০১	২৬.৫৭
সকল অঞ্চল	**১৯৮৭.৬০**	**১৯৭.০২**	**১৬০.৮১**	**৬৫.২০**	**০.৩২**	**০.১২৩**	**২৪১১.০৯**	**১০০**

আসন্ন সেচ মৌসুমে (২০২১) বিদ্যুতের চাহিদা

২০২১ সেচ মৌসুমে সেচ পাম্পের সংস্থাওয়ারী বিদ্যুৎ চাহিদা ২৪১১.০৯ (মেঃ ওঃ)



বিদ্যুৎ উৎপাদনের অবস্থা

বর্তমানে স্থাপিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের মোট ক্ষমতা ২৩৫৪৮ মেগাওয়াট (জুলাই, ২০২০)। ২০২০ সালে বিদ্যুতের সর্বাধিক চাহিদা ছিল ১২,৮৯২ মেঃওঃ (তারিখ ০৫/০৯/২০২০) এবং উক্ত চাহিদার বিপরীতে ১২,৮৯২ মেঃ ওঃ বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির সঙ্গে পর্যাপ্ত গ্যাস না পেলে বিদ্যুতের যোগান দেয়া কঠিন হয়ে পড়বে। তবে সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পেলেও পর্যাপ্ত উৎপাদন ক্ষমতা থাকায় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

চাহিদা ও উৎপাদনের পরিমাণ

বর্তমান ব্যবস্থার ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের ৩৩ কেভি বাস-বার থেকে বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলো ৩৩ কেভি ফিডারের মাধ্যমে বিদ্যুৎ গ্রহণ করে। সেগুলোর সর্বোচ্চ চাহিদা যুগপৎ সংগঠিত হয় না। ফলে মোট চাহিদা এসব ফিডারের গাণিতিক যোগফলের সমান নয় বরং কিছুটা কম।



৩৩ কেভি ফিডার প্রান্তে সকল ফিডারের সর্বোচ্চ চাহিদার যোগফল	= ১৪,৮৩৫ মেগাওয়াট
গ্রীড উপকেন্দ্র প্রান্তে চাহিদা ১৪৮৩৫/১.১৭ (ডাইভারসিটি)	= ১২,৬৮০ মেগাওয়াট
২.৯১ % সঞ্চালন লস ধরে নিট উৎপাদন = গ্রীড উপকেন্দ্রে চাহিদা /০.৯৭০৯	= ১৩,০৬০ মেগাওয়াট
৪% (স্টেশন ব্যবহার+স্টেপ-আপ) ধরে গ্রস উৎপাদন প্রয়োজন= নিট উৎপাদন/০.৯৬	= ১৩,৬০৪ মেগাওয়াট

বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর চাহিদার ভিত্তিতে উৎপাদনের পরিমান নির্ণয় করতে হলে ডাইভারসিটি ফ্যাক্টর, সঞ্চালন লস এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিজস্ব ও অক্সিলিয়ারি ব্যবহার বিবেচনায় আনতে হয়। উপরের চিত্রে এর উদাহরণ দেখানো হয়েছে। ৩৩ কেভি ফিডারের উৎসে বিদ্যুৎ সংস্থাগুলোর সর্বোচ্চ মোট চাহিদার যোগফল ১৪৮৩৫ মেগাওয়াট হলে উপরিউক্ত ডাইভারসিটি অনুসারে গ্রীড উপকেন্দ্র প্রান্তে ১২,৬৮০ মেগাওয়াট সরবরাহ হতে হবে। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সরবরাহ পয়েন্ট হতে সঞ্চালন হয়ে বিতরণ পর্যন্ত ২.৯১% সঞ্চালন লস ধরা হয়েছে। এক্ষেত্রে ১৩২/২৩০ কেভি ট্রান্সমিশন লাইনের উৎস প্রান্তে লোডের চাহিদা ১৩০৬০ মেগাওয়াট। ষ্টেশন ব্যবহার এবং ষ্টেপআপ লস ৪% বিবেচনায় জেনারেটর টার্মিনালে গ্রস উৎপাদন ১৩৬০৪ মেগাওয়াট নিশ্চিত করতে হবে।

সার্বিক বিদ্যুৎ চাহিদা ও উৎপাদন পরিস্থিতি

সেচ মৌসুমের সংশ্লিষ্ট মাস গুলোতে চলতি বছরের অনুমিত লোডের সাথে বিদ্যুৎ বিতরণ সংস্থা হতে প্রাপ্ত গত বৎসরের রেকর্ডকৃত বিদ্যুৎ চাহিদার তুলনামুলক বিবরণ নিম্নবর্ণিত টেবিল-এ প্রদর্শিত হয়েছে। এখানে প্রবৃদ্ধির হার ৭% ধরা হয়েছে: যা চাহিদা পূর্বাভাসের সাথে সঙ্গতিপূর্ণ।



বিদ্যুৎ বিতরণ উপকেন্দ্র

সার্বিক বিদ্যুৎ চাহিদা

বিগত এবং আগামী সেচ মৌসুমে বিতরণ অঞ্চলে মোট তুলনামূলক বিদ্যুৎ চাহিদা/তুলনা (মেগাওয়াট)

অঞ্চল	জানুয়ারি		ফেব্রুয়ারী		মার্চ		এপ্রিল	
	২০২০	২০২১	২০২০	২০২১	২০২০	২০২১	২০২০	২০২১
ঢাকা	৩৫৫৯	৩৮০৮	৪৬৩০	৪৯৫৪	৫০২৯	৫৩৮১	৫৫১৭	৫৯০৩
চট্টগ্রাম	১০৩৩	১১০৫	১২৪৪	১৩৩১	১৩৪১	১৪৩৫	১৩৬১	১৪৫৬
ময়মনসিংহ	৫৫১	৫৯০	৬২১	৬৬৪	৬৮২	৭২৯.৭	৬৭৫	৭২২.৩
সিলেট	৩৯৪	৪২২	৪৬২	৪৯৪	৫০০	৫৩৫	৫৩৬	৫৭৩.৫
কুমিল্লা	৯২৩	৯৮৮	১১০৩	১১৮০	১২৫৪	১৩৪২	১২৪০	১৩২৭
খুলনা	১২৩৬	১৩২৩	১৫০১	১৬০৬	১৫৫১	১৬৬০	১৬৪৫	১৭৬০
বরিশাল	১৯১	২০৪	২৩৩	২৪৯	২৫৫	২৭২.৯	২৭৪	২৯৩.২
রাজশাহী	১১৪৯	১২২৯	১৩৬১	১৪৫৬	১৫৩৩	১৬৪০	১৬৩৯	১৭৫৪
রংপুর	৭৮৭	৮৪২	৯৯৩	১০৬৩	৮১১	৮৬৭.৮	৮৮৪	৯৪৫.৯
মোট চাহিদা	৯৮২৩	১০৫১১	১২১৪৮	১২৯৯৮	১২৯৫৬	১৩৮৬৩	১৩৭৭১	১৪৭৩৫

সেচ লোড মূলতঃ জানুয়ারির মাঝামাঝি আসতে থাকে। রাজশাহী বিভাগে এ সময় থেকে সেচের পাম্প চালু হতে থাকে। ২/৩ সপ্তাহ পরে শুরু হয় ঢাকা বিভাগের সেচ পাম্প। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল অর্থাৎ খুলনা ও বরিশাল বিভাগে সেচ ব্যবস্থা কিছুটা বিলম্বে শুরু হয়। কৃষি জমির প্রস্তুতির সাথে বিষয়টি সম্পর্কযুক্ত। তবে এপ্রিল মাসে সেচের জন্য বিদ্যুৎ চাহিদা সর্বোচ্চ হয়।

বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ থেকে চলতি সেচ মৌসুমের সম্ভাব্য পাম্প সংখ্যা, সেচ লোড এবং চাহিদার উপাত্ত প্রদান করা হয়েছে। লোড ডেসপাচের দায়িত্ব পিজিসিবি কর্তৃক গ্রীড উপকেন্দ্র ভিত্তিক এবং সামগ্রিক সিষ্টেমের সম্ভাব্য চাহিদার পূর্বাভাস দেয়া হয়ে থাকে। বিগত বৎসরের চাহিদার উপর বাৎসরিক লোড প্রবৃদ্ধি ৭% ধরে চলতি বৎসরের জানুয়ারী মাসের শুরু থেকে এপ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত সাপ্তাহিক ভিত্তিতে বিদ্যুৎ চাহিদার পুর্বাভাস তৈরি করা হয়েছে। বিউবো থেকে উপরোক্ত সময়ের জন্য সম্ভাব্য উৎপাদনের পূর্বাভাস সরবরাহ করা হয়েছে।

উল্লেখ্য, গ্রীড উপকেন্দ্র প্রান্তে প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ গ্রস জেনারেশনের প্রায় ৯৩% অর্থাৎ গ্রস জেনারেশন গ্রীড উপকেন্দ্র পর্যন্ত পাঠাতে প্রায় ৭% লস হচ্ছে। আবার বিদ্যুৎ সংস্থাগুলোর সম্মিলিত চাহিদা ও প্রকৃত চাহিদার মধ্যে ১৭% কো-ইন্সিডেন্টাল সাশ্রয় হয়। সুতরাং ঘাটতি নির্ণয়ের ক্ষেত্রে দুটি পদ্ধতি রয়েছেঃ
(ক) গ্রস জেনারেশন এর সাথে সংস্থাগুলোর সম্মিলিত চাহিদাকে তুলনা করা।
(খ) নীট জেনারেশন এবং গ্রীড উপকেন্দ্রে প্রতিফলিত কো-ইন্সিডেন্টাল চাহিদা এর পার্থক্য ধরা।

দ্বিতীয় পদ্ধতিটি কারিগরী দিক থেকে যুক্তিযুক্ত, কিন্তু বর্তমান মিটারিং ব্যবস্থায় তাৎক্ষণিক নীট জেনারেশন নির্ণয় করা সম্ভব নয়। অন্যদিকে প্রতি ১ (এক) ঘন্টা পরপর গ্রস উৎপাদন তথ্য রেকর্ড করা হয়। তাই উপাত্তের লভ্যতা বিবেচনায় (ক)-তে বর্ণিত পদ্ধতি অনুসৃত হয়ে আসছে।

আসন্ন সেচ মৌসুমে শুরুর দিকে সেচ সময়কালীন (রাত ১১.০০ থেকে সকাল ৭.০০ টা) মোট বিদ্যুৎ চাহিদা ১০,৫১১ মেগাওয়াট ধরা হয়েছেঃ যা ক্রমান্বয়ে বেড়ে এপ্রিল/২০২১ মাসে ১৫,২৪৫ মেগাওয়াটে উন্নীত হবে। এই সময়ে বিদ্যুৎ উৎপাদন ১৬,১৭৬-১৬,৭৩৬ মেগাওয়াটে উঠানামা করবে।

এসব তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয় যে, সেচ সময়কালীন প্রয়োজনীয় গ্যাস সরবরাহ থাকলে কোন বিদ্যুৎ ঘাটতি থাকবে না। এটি সম্ভাব্য পরিস্থিতি। প্রত্যাশার বাইরেও কোন বিদ্যুৎ কেন্দ্রে উৎপাদনে বিঘ্ন ঘটলে ঘাটতি হতে পারে। দিবাকালীন এবং সেচকালীন পিক সময়ের জন্য সম্ভাব্য চাহিদা উৎপাদন অনুসারে অঞ্চলভিত্তিক চার্টে বর্ণিত হয়েছে।

গ্যাস, কয়লা, তরল জ্বালানি সরবরাহ ও কাপ্তাই লেকের পানি প্রাপ্যতা

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাস, কয়লা, ডিজেল, ফার্নেস অয়েল ব্যবহৃত হয়। কর্ণফুলি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্যাচমেন্ট এলাকায় মজুদ পানি স্থিতিশক্তিকে ব্যবহার করা হয়, যা ক্যাচমেন্ট এলাকার পানির গভীরতার উপর নির্ভরশীল এবং তা প্রতি বছর গড় বৃষ্টিপাতের সাথে পরিবর্তিত হয়। বিগত ২০১৯-২০ অর্থ বছরে সেচ মৌসুমে গ্যাসের চাহিদা ছিল গড়ে ১৪০০ এমএমসিএফডি, তন্মধ্যে ১০৭১ থেকে ১১৫৩ এমএমসিএফডি গ্যাস পাওয়া গেছে।

বর্তমানে ২০২০-২০২১ অর্থ বছরে সেচ মৌসুমে গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহের (আইপিপিসহ) গ্যাস চাহিদা ১৪৫০ এমএমসিএফডি (প্ল্যান্ট ফ্যাক্টর = ০.৮৫ বিবেচনায়) প্রয়োজন।

বড়পুকুরিয়া কয়লা খনি ইয়ার্ডে এবং বিউবো ইয়ার্ডে বিদ্যুৎ কেন্দ্রের জন্য বর্তমানে মোট ৩৭,২৯৪.৬০ মেট্রিক টন কয়লা মজুদ আছে। বিদ্যুৎ কেন্দ্রে প্রতিদিন কয়লা প্রয়োজন ১৭৫০ মেট্রিক টন, সেই হিসাবে মজুদকৃত কয়লা দ্বারা (প্রায়) ২১ দিন বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব। বড়পুকুড়িয়া কোল মাইনিং এর দৈনিক কয়লার গড় উত্তোলন ক্ষমতা ২০০০ মেট্রিক টন। ফলে কয়লা ভিত্তিক তিনটি বিদ্যুৎ কেন্দ্র একসঙ্গে চালানো যাবে না।

২০২১ সালে পানির সম্ভাব্য উচ্চতা ৭৮-৯০ ফুট এমএসএল থাকলে সম্ভাব্য পানি বিদ্যুতের উৎপাদন ৫০-৮০ মেগাওয়াট পর্যন্ত হতে পারে।

দেশে পর্যাপ্ত জ্বালানি তেলের মজুদ থাকায় সেচ মৌসুমে জ্বালানি তেলজনিত ঘাটতির কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হবে না। এ বিষয়ে বিপিসি, রেলওয়ে ও নৌপরিবহন কর্তৃপক্ষের সাথে সেচ সভায় আলোচনাকালে পূর্ণ সহযোগিতার আশ্বাস পাওয়া গিয়েছে।

২০২০-২০২১ সালে বিদ্যুৎ উৎপাদনে তরল জ্বালানি ব্যবহারের তুলনামূলক চিত্র

মাস	হাই স্পীড ডিজেল		ফার্নেস অয়েল	
	প্রকৃত ব্যবহার ২০২০ (মিঃ লিটার)	সম্ভাব্য ব্যবহার ২০২১(মিঃ লিটার)	প্রকৃত ব্যবহার ২০২০ (মিঃ লিটার)	সম্ভাব্য ব্যবহার ২০২১ (মিঃ লিটার)
জানুয়ারি	০.১৫	০.১	৬৫	৬০
ফেব্রুয়ারি	০.২৫	০.১৫	১০১	৬৩
মার্চ	০.৩	৫	১৩৬	১৪৭
এপ্রিল	১.২	৭	৬৭	২৮০
মে	১.৬	৮	১৫৮	২৫১
জুন	৫.৩	৮	৩০০	২৪৫
মোট	৮.৮	২৮.২৫	৮২৭	১০৪৬

২০২০-২০২১ সালে বিদ্যুৎ উৎপাদনে দৈনিক গড় গ্যাস ব্যবহারের তুলনামূলক চিত্র

মাস	প্রকৃত ব্যবহার ২০২০ (এমএমসিএফডি)	সম্ভাব্য চাহিদা ২০২১ (এমএমসিএফডি)
জানুয়ারি	১০৭১	১২০০
ফেব্রুয়ারি	১০৬৯	১৩৫০
মার্চ	১১৩৭	১৪৫০
এপ্রিল	১০৭৪	১৫০০
মে	১১১৬	১৫০০
জুন	১১৫৩	১৫০০

বর্তমান কয়লার মজুদ অবস্থা

তারিখঃ ২৫-১১-২০২০ ইং

কয়লা খনি ইয়ার্ডে মজুদ কয়লার পরিমাণ (মেট্রিক টন)	বিপিডিবি ইয়ার্ডে মজুদ (মেট্রিক টন)	মোট মজুদ কয়লার পরিমাণ (মেট্রিক টন)	বিদ্যুৎ কেন্দ্রে প্রতিদিনের গড় পরিমাণ (মেট্রিক টন)	মজুদকৃত কয়লা দ্বারা সম্ভাব্য বিদ্যুৎ উৎপাদন (দিন)	মন্তব্য
১০০০	৩৬,২৯৪.৬০	৩৭,২৯৪.৬০	৩০০০	১২	কয়লার দৈনিক গড় উত্তোলন ক্ষমতা ২০০০ (মেট্রিক টন)

পানির সম্ভাব্য লেভেলের বিপরীতে কর্ণফুলী পানি বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন

মাস	পানির সম্ভাব্য লেভেল ২০২১ (ফুট, এমএসএল)	সম্ভাব্য উৎপাদন (মেগাওয়াট)
জানুয়ারি	৯৮	৯০
ফেব্রুয়ারি	৯৬	৮৫
মার্চ	৯৪	১২০
এপ্রিল	৯০	১২০
মে	৮২	১১০
জুন	৮৬	১১০

Projected Demand & Generation during Irrigation 2021



	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	8934	9556	10178	10800	11048	11264	11480	11696	11783.6	12001.6	12219.6	12437.6	12525	12695	12865	১৩০৩৫
Generation	9608	10491	11174	11857	12129	12366	12603	12840	12936	13175	13415	13654	13750	13936	14123	১৪৩১০
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0

Projected Demand & Generation during Irrigation 2021



	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	10511	11133	11755	12377	12998	13214	13430	13646	13863	14081	14299	14517	14735	14905	15075	15245
Generation	11539	12222	12905	13588	14269	14507	14744	14981	15219	15458	15698	15937	16176	16363	16550	16736
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0

Projected Demand & Generation during Irrigation 2021



	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	10511	11133	11755	12377	12998	13214	13430	13646	13863	14081	14299	14517	14735	14905	15075	15245
Generation	11539	12222	12905	13588	14269	14507	14744	14981	15219	15458	15698	15937	16176	16363	16550	16736
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0



বরেন্দ্র এলাকায় পল্লী বিদ্যুতায়নের মাধ্যমে সেচ কার্যক্রমের চিত্র।

লোড বন্টন

বিদ্যুৎ বিতরণ সংস্থা সমূহের চাহিদা অনুসারে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন। বাস্তবে বিভিন্ন প্রতিকূলতার ফলে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হতে পারে। তবে বর্তমানে বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা প্রশংসনীয়ভাবে বৃদ্ধি পাওয়ায় দেশে লোড শেডিং এর সম্ভাবনা নেই।

উৎপাদিত বিদ্যুৎ যখন কম থাকে, তখন চাহিদার অনুপাতে উৎপাদিত বিদ্যুৎ সঠিকভাবে বন্টন করাই হচ্ছে যৌক্তিক ব্যবস্থা। তবে স্থাপনার গুরুত্ব অনুসারে কিছুটা তারতম্য হতে পারে।

পিজিসিবির প্রদত্ত তথ্যানুযায়ী বর্তমানে ১০৯ টি গ্রীড উপকেন্দ্র হতে ৯ টি অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এসব গ্রীড উপকেন্দ্র হতে ৩৩ কেভি ফিডারের মাধ্যমে বিউবো, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, নেসকো ও ওজোপাডিকো বিদ্যুৎ সরবরাহ পেয়ে থাকে। এসব ফিডারের আওতায় বিপুল সংখ্যক ৩৩/১১ কেভি উপকেন্দ্র বিদ্যমান।

বিভিন্ন পরিমাণ উৎপাদন পরিস্থিতিতে ৯ (নয়) টি অঞ্চলের মধ্যে উপকেন্দ্রভিত্তিক লোড বন্টনের হিসেব যথাসময়ে করা হয়ে থাকে। এক্ষেত্রে গ্রস উৎপাদন থেকে স্টেশন/অক্সিলিয়ারি ব্যবহার ও সঞ্চালন লস (উভয় মিলে প্রায় ৯%) বাদ দিয়ে অবশিষ্ট লোড (রিজার্ভ ২৫০ মেঃওঃসহ) চাহিদার অনুপাতে বন্টন করা হয়ে থাকে।

কোন অঞ্চলে আনুপাতিক প্রাপ্যতার বেশী লোড বন্টনের আবশ্যকতা থাকলে কেন্দ্রিয় সেচ লোড ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ঐ পরিমাণ লোড অন্যান্য এক বা একাধিক অঞ্চলের বরাদ্দ থেকে কমাতে হবে। এবারও সেচ সময়ে (রাত ১১:০০ টা থেকে সকাল ০৭:০০ টা পর্যন্ত) সেচ লোড চাহিদা (সম্ভাব্য) অনুসারে লোড বরাদ্দ করা হবে।

সেচের জন্য বিদ্যুতের মান

সেচের জন্য উন্নত ভোল্টেজ, যথাযথ পাওয়ার ফ্যাক্টর এবং সঠিক ফ্রিকোয়েন্সির বিদ্যুৎ সরবরাহ আবশ্যক। লো-ভোল্টেজ থাকলে পাম্পের মোটর স্টার্ট হয় না। আবার চালু মোটরে লো-ভোল্টেজ বিদ্যমান থাকলে মোটর পুড়ে যায়।

অফ পিক সময়ে চাহিদা কমে গেলে কিছু কিছু বিদ্যুৎ কেন্দ্র বন্ধ করতে হয়, নতুবা ফ্রিকোয়েন্সি বেড়ে গিয়ে গ্রীড সিষ্টেমের সমস্যা সৃষ্টি হতে পারে। এ সময়ে দেশের পশ্চিমাঞ্চলের অধিক উৎপাদন খরচের তেল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহ বন্ধ করা হয়। আবার লোড ম্যানেজমেন্টের স্বার্থে অফ-পিক সময়ে সেচ পাম্পে বিদ্যুৎ সরবরাহ করা হয়। দেশের রাজশাহী ও রংপুরে সেচ পাম্পের আধিক্য থাকায় ঢালাওভাবে রাজশাহী ও রংপুরের বিদ্যুৎ কেন্দ্র বন্ধ করলে প্রত্যন্ত অঞ্চলে লো-ভোল্টেজ দেখা দেয়। এই লো-ভোল্টেজ সমস্যা নিরসনে রাজশাহী, রংপুর, বাঘাবাড়ী, সৈয়দপুর, বড়পুকুরিয়া, ঠাকুরগাঁও বিদ্যুৎ কেন্দ্র সেচকালীন সময়ে চালু রাখা প্রয়োজন হবে। বর্তমানে উল্লেখযোগ্য সংখ্যক বিদ্যুৎ কেন্দ্র উৎপাদনে আসায় বিদ্যুৎ ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের লক্ষ্যে উপকেন্দ্র ও বিতরণ ফিডারে ইতোমধ্যে যথেষ্ট সংখ্যক ক্যাপাসিটর ব্যাংক বসানো হয়েছে। তাছাড়া কারিগরি দিক বিবেচনায় কিছু গ্রাহক প্রান্তে আবশ্যিকভাবে পাওয়ার ফ্যাক্টর উন্নীতকরণ প্লান্ট বসানো হয়েছে এবং হচ্ছে। সেচ মৌসুম শুরুর পূর্বেই প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কাজ করে স্থাপিত ক্যাপাসিটর ব্যাংক সমূহের কার্যকারিতা নিশ্চিত করতে হবে।

সেচ মৌসুমে লোড ম্যানেজমেন্ট

বিগত বৎসরে সেচ মৌসুমে সুষ্ঠু লোড ব্যবস্থাপনার মাধ্যমে বিদ্যুৎ পরিস্থিতি সন্তোষজনক অবস্থায় রাখা সম্ভব হয়। এর ফলে সেচ পাম্পে নির্ভরযোগ্য ও মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করা ও আশানুরূপ ফলন সম্ভব হয়েছিল। তারই ধারাবাহিকতায়, চলতি মৌসুমে অনুরূপ লোড ম্যানেজমেন্ট হাতে নেয়া যায়।

বিদ্যুৎ উৎপাদনের বর্তমান পরিস্থিতিতে লোড শেডিং হবে না বলে আশা করা যায়। লোড শেডিং হলেও তা সহনীয় পর্যায়ে রাখার ব্যবস্থা নেয়া হবে। এর জন্য প্রয়োজন কার্যকর লোড ম্যানেজমেন্ট। সে লক্ষ্যে লোড ব্যবস্থাপনা নিম্নবর্ণিত দু'ভাবে করা হবে-

ক) ডিমান্ড সাইড ম্যানেজমেন্ট এর প্রধান পদক্ষেপ হচ্ছে গ্রাহক সচেতনতা বাড়ানো, যেন বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়িতা আসে। বিশেষ করে অপ্রয়োজনীয় আলো, পাখা ও শীতাতপ ব্যবস্থা বন্ধ রাখার জন্য গ্রাহকদের উদ্বুদ্ধ করা যেতে পারে। ট্রান্সফরমার চুরি রোধে ব্যবস্থা গ্রহণ, মাঠ পর্যায়ে নিয়মিত তদারকি ও কর্মকর্তা/ কর্মচারীদের সার্বক্ষনিক উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া, কম ওয়াটে বেশী আলো সি.এফ.এল/এলইডি সম্পন্ন বাল্ব, জ্বালানী দক্ষতা সম্পন্ন যন্ত্রপাতি ও মোটর ব্যবহার প্রভৃতি ডিমান্ড সাইড ম্যানেজমেন্ট বাস্তবায়নে সহায়তা করে।

খ) লোড ব্যবস্থাপনা কমিটির সুপারিশ অনুযায়ী বিগত সেচ মৌসুমে (২০২০) রাত ১১.০০ টা থেকে পরবর্তী দিন সকাল ৭.০০ টা পর্যন্ত সেচ পাম্প চালানোর জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হয়। আসন্ন সেচ মৌসুমেও একই সময়সীমায় সেচ পাম্প চালনোর জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হবে। গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড ব্যবস্থাপনা গঠিত কমিটি কাজ করবেন। দৈনিক বিদ্যুৎ উৎপাদন এবং উপকেন্দ্রগুলির চাহিদার আনুপাতিক হারে লোড বন্টন ও লোড শেড ব্যবস্থাপনা সঠিকভাবে করা হলে সান্ধ্যপিকে সেচ পাম্পের লোড সিস্টেমে কম থাকার কথা। কিন্তু বাস্তবে পিক সময়ে ২০% - ২৫% সেচ পাম্প চলতে দেখা যায়, বিশেষ করে প্রত্যন্ত এলাকায় যেখানে সব সময় মনিটরিং করা সম্ভব হয় না। তবে বেশীর ভাগ কৃষক অফ-পিকে পাম্প চালান এবং নির্ভরযোগ্য ও মান সম্পন্ন বিদ্যুৎ পেয়ে উপকৃত হন। সেচ মৌসুমের বিভিন্ন দিনের লোড প্যাটার্ন পরীক্ষা করলে অফ পিকের সরবরাহকৃত চাহিদার পরিমাণ থেকে এই সময়ে সেচ পাম্প ব্যবহারের বিষয়টি নিশ্চিত হওয়া যায়। আবার অফ-পিকে সরবরাহ বন্ধ থাকলে সময় পুষিয়ে নিতে কিছু পাম্প দিনের বেলায়ও চালানো হয়। সুতরাং সান্ধ্য এবং দিবা উভয় পিকে সেচ লোডের একটা অংশ বিদ্যমান থাকে।

বিভিন্ন মিডিয়ায় ব্যাপক প্রচারণা, বিশেষ করে সকল বিতরণ সংস্থার লোকবলের মাধ্যমে মাঠ পর্যায়ে সরাসরি যোগাযোগের মাধ্যমে মান সম্পন্ন বিদ্যুতের সুবিধা যথা - মোটর না পোড়া, সেচ চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা প্রভৃতি কৃষকদের অবগত করা হলে লোড ব্যবস্থাপনা সফল হবে।

বিভিন্ন শপিং সেন্টার, মার্কেট এবং দোকানপাট পুরো পিক সময়ে চালু থাকে। গত বৎসরে লোড ব্যবস্থাপনার স্বার্থে সন্ধ্যা ৮:০০টার পর সকল বাণিজ্যিক প্রতিষ্ঠান বন্ধ রাখার ব্যবস্থা নেয়া হয়েছিল। যদি এ সময়ের পর একান্তই জরুরী প্রয়োজনে এসব প্রতিষ্ঠান চালু রাখতে হয়, তবে তারা নিজস্ব বিদ্যুৎ ব্যবস্থার দ্বারা তা করতে পারবেন, অন্যথায় সংশ্লিষ্ট বিদ্যুৎ সংস্থা তাদের সংযোগ বিচ্ছিন্ন করতে পারবে।

সড়ক বাতির ক্ষেত্রেও নিয়ন্ত্রণ আনা যেতে পারে, যেমন একটির পর একটি বাতি চালু রাখা এবং রাস্তার দু'ধারে বাতি থাকলে যে কোন এক দিকের বাতি জ্বালানো। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান/ বাসাবাড়ির ইয়ার্ড লাইটিং এর ব্যাপারে কৃচ্ছতা সাধনের একটি নীতিমালা তৈরী করে তা প্রয়োগ করা যেতে পারে।

উপর্যুক্ত ব্যবস্থার পাশাপাশি আরো কিছু ব্যবস্থা জোরদার করা যেতে পারে, যার মাধ্যমে লোড সাশ্রয় করে প্রয়োজনীয় স্থানে সরবরাহ করা যাবে যেমন -

১. গ্যাস বিহীন এলাকা চিহ্নিত করে হিটার ব্যবহার বন্ধ করা;
২. হুকিং বা অন্য যে কোন ভাবে অবৈধ বিদ্যুৎ ব্যবহার বন্ধ করা;
৩. দীর্ঘ মেয়াদী খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা;
৪. বিল বোর্ড পিক আওয়ারে বন্ধ রাখা;
৫. দোকানে মাত্রাতিরিক্ত বাতি ব্যবহার না করার জন্য উদ্বুদ্ধ করা;
৬. পেট্রোল পাম্প এবং সি.এন.জি রিফুয়েলিং স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহার না করা;
৭. পিক আওয়ারে এসি, পানির পাম্প এবং ইস্ত্রি না চালাতে গ্রাহকগণকে উদ্বুদ্ধ করা;
৮. ইয়ার্ড লাইটিং যথাসম্ভব কম করার বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যুৎ গ্রাহকগণকে উদ্বুদ্ধ করা;
৯. ইজিবাইক চার্জিং নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করা।

উপর্যুক্ত ব্যবস্থাদি ঠিকমতো পালনের সুবিধার্থে লোড ব্যবস্থাপনা কমিটির মনিটরিং এর পাশাপাশি গ্রাহক সচেতনতা তৈরী করা যেতে পারে, যাতে তারা উপর্যুক্ত কাজগুলির বিষয়ে বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলিকে সহযোগিতা করেন এবং উক্ত বিষয়গুলির ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম/ঠিকানা স্থানীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ/প্রশাসনকে অবহিত করেন।

